

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০০৩.২০১৩. ৬৬

তারিখ : ০৪ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ।  
১৭ জানুয়ারি, ২০১৮ খ্রিষ্টাব্দ।

### প্রজ্ঞাপন

যেহেতু, গত ১৪/০৩/২০১৭ তারিখের “দৈনিক সমকাল পত্রিকার পঞ্চম পৃষ্ঠার পঞ্চম কলামে প্রকাশিত ইউপি সদস্যের বিরুদ্ধে স্কুলছাত্রীকে ধর্ষণের অভিযোগ” নামীয় “সংবাদ প্রতিবেদন” উপজেলা নির্বাহী অফিসার, সিরাজদিখান কর্তৃক তদন্তে মুন্সীগঞ্জ জেলার সিরাজদিখান উপজেলার বালুচর ইউনিয়নের ৪নং ওয়ার্ডের সদস্য জনাব কামাল মোল্লা একই ওয়ার্ডের ৬ষ্ঠ শ্রেণীর ছাত্রী সোনালী আক্তার (১৩) কে নেশা জাতীয় দ্রব্য খাইয়ে অচেতন করে তাকে ধর্ষণ করার অভিযোগ প্রমাণিত হয়েছে;


যেহেতু, ডিকটিমের পিতা জনাব মোঃ সানোয়ার সিকদার সিরাজদিখান থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০(সং/০৩)- এর ৯(১)/৩০ ধারায় মামলা দায়ের করেন। ধর্ষণের অভিযোগের বিষয়ে আসামীর বিরুদ্ধে তদন্ত শেষে নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধিত ২০০৩) এর ৯(১)/৩০ ধারায় বিজ্ঞ আদালত চার্জশীট দাখিল করা হয়েছে এবং বিজ্ঞ আদালত তা আমলে নিয়েছেন;

যেহেতু, উল্লিখিত সদস্য কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিধায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক অনুরোধ জানিয়েছেন;

যেহেতু, উল্লিখিত ইউনিয়ন পরিষদ সদস্য এর বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধিত ২০০৩) এর ৯(১)/৩০ ধারায় বিজ্ঞ আদালত চার্জশীট আমলে নেয়ায় তাঁর কর্তৃক ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, মুন্সীগঞ্জ জেলার সিরাজদিখান উপজেলার বালুচর ইউনিয়নের ৪নং ওয়ার্ডের সদস্য জনাব কামাল মোল্লা একই ওয়ার্ডের ৬ষ্ঠ শ্রেণীর ছাত্রী সোনালী আক্তার (১৩) কে নেশা জাতীয় দ্রব্য খাইয়ে অচেতন করে তাকে ধর্ষণ করায় এবং তাঁর বিরুদ্ধে দায়েরকৃত নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধিত ২০০৩) এর ৯(১)/৩০ ধারায় বিজ্ঞ আদালত চার্জশীট বিজ্ঞ আদালত কর্তৃক আমলে গ্রহণ করা হয়েছে ও উক্ত ইউপি সদস্য কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিধায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪ উপধারা (১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্যকে তাঁর স্বীয় পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


  
(মোঃ মাহাবুবুর রহমান)  
উপসচিব  
৯৫৮৬৬০৫  
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০০৩.২০১৩. ৬৬

তারিখ : ০৪ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ।  
১৭ জানুয়ারি, ২০১৮ খ্রিষ্টাব্দ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, সিরাজদিখান, মুন্সীগঞ্জ।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। জনাব কামাল মোল্লা (সাময়িক বরখাস্তকৃত), সদস্য, ০৪নং ওয়ার্ড, বালুচর ইউনিয়ন পরিষদ, সিরাজদিখান, মুন্সীগঞ্জ।

  
(মোঃ মাহাবুবুর রহমান)  
উপসচিব